দৈনিক ইনকিলাব

তারিখ APR 1 8 1999
পৃষ্ঠা ৭ কলাম ৭

# ছাত্র লীগের টোকাই সন্ত্রাসীরা ঢাকা ভার্সিটির হলগুলো দখলের লড়াই করছে —ছাত্রদল

**স্টাফ রিপোর্টার ঃ** আজকের হরতালের সমর্থনে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র লীগের সন্ত্রাসের প্রতিবাদে গতকাল ক্যাম্পাসে এক সমাবেশে জাতীয়তাবাদী ছাত্রদল নেতৃবৃন্দ বলেছেন, ব্যর্থ অযোগ্য সরকার একদিকে পানি-বিদ্যুৎ সংকটে সমগ্র জাতিকে অতিষ্ঠ করে তুলেছে, অন্যদিকে সন্ত্রাসী অছাত্র টোকাইদের হাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোর নিয়ন্ত্রণ তুলে দিচ্ছে। সরকারের

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

**ছাত্রদল** প্রথম পৃষ্ঠার পর

মন্ত্রী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার কথা বারবার বললেও এখন তারাই সন্ত্রাসীদের সরাসরি পৃষ্ঠপোষকতা দিচ্ছেন। ছাত্রদল না থাকায় এখন ছাত্র লীগ ক্যাডাররা টোকাইদের এনে নিজেরাই নিজেদের হল দখল করছে। এই অবস্থা চলতে পারে না। ছাত্রসমাজ এর বিরুদ্ধে তীব্র প্রতিরোধ গড়ে তুলবে। তারা সারাদেশে আজকের সকাল-সন্ধ্যা হরতাল সফল করার জন্য ছাত্রসমাজের প্রতি আহবান জানিয়েছেন। হরতালের সমর্থনে ক্যাম্পাসে মিছিল শেষে কলাভবন গেটে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল সভাপতি হাবিবুন্নবী সোহেল, সাধারণ সম্পাদক নাসিরুদ্দীন পিন্টু, এস এম নুরুজ্জামান, রেহানা আক্তার রানু, সালাউদ্দিন টুকু, আবদুল বারী ড্যানী, ফরহাদ হোসেন আজাদ, মোস্তাফিজুল ইসলাম মামুন, আসাদুজ্জামান আসাদ, মোজাহারুল ইসলাম বাবু প্রমুখ। বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সভাপতি মনির হোসেন সমাবেশে সভাপতিত্ব করেন। নেতৃবৃন্দ বর্তমান সরকারের পতন নিশ্চিত করতে আজকের হরতাল সফল করার আহবান জানিয়ে বলেন, এখন আর মন্ত্রী বদল করে হবে না, ছাত্রসমাজ এই সরকারের পতন দেখতে চায়। তিনি বলেন, এই সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোকে সন্ত্রাসীদের অভয়ারণ্যে পরিণত করেছে। তারা ক্যাম্পাসকে টোকাই-সন্ত্রাসীমুক্ত করার দাবী জানান।